



# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ৪২/২০১৯

তারিখঃ ২১ আশ্বিন, ১৪২৬  
০৬ অক্টোবর, ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে **সিসিটিডি অপারেটর** এবং **সিসিটিডি টেকনিশিয়ান** পদে নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতির জন্য বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১।	<b>পদের নাম</b>	:	<b>সিসিটিডি অপারেটর।</b>
	ক) শিক্ষাগত যোগ্যতা	:	স্নাতক পাসসহ কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমা/সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে 'হার্ডওয়্যার ও সফটওয়্যার' বিষয়ে অন্যান্য ০৬(ছয়) মাস মেয়াদী সর্ট কোর্স সম্পন্ন।
	খ) অভিজ্ঞতা	:	সিসিটিডি ক্যামেরা স্থাপন, ক্যাবল ফিটিং, ক্যামেরা স্থানান্তর, সমস্যা সনাক্তকরণ ও সমাধানের বাস্তব অভিজ্ঞতাসহ সিসিটিডি পরিচালনা ও পর্যবেক্ষণে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।
	গ) বেতন স্কেল	:	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
	ঘ) পদের সংখ্যা	:	২৬(ছাব্বিশ) টি (কম/বেশী হতে পারে)। তন্মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ০৩(তিন)টি পদ। অবশিষ্ট ২৩ (তেইশ)টি পদের ক্ষেত্রে সকল কোটা প্রযোজ্য।
	ঙ) যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন	:	বালকাঠি ও রাজশাহী জেলা ব্যতীত সকল জেলা। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতিন/নাতিনি এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২।	<b>পদের নাম</b>	:	<b>সিসিটিডি টেকনিশিয়ান।</b>
	ক) শিক্ষাগত যোগ্যতা	:	এসএসসি(ভোকেশনাল) অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে 'ইলেক্ট্রিক্যাল' বিষয়ে অন্যান্য ০৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্সে উত্তীর্ণ।
	খ) অভিজ্ঞতা	:	সিসিটিডি ক্যামেরা স্থাপন, ক্যাবল ফিটিং, ক্যামেরা স্থানান্তর, সমস্যা সনাক্তকরণ ও সমাধানের বাস্তব অভিজ্ঞতাসহ সিসিটিডি পরিচালনা ও পর্যবেক্ষণে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।
	গ) বেতন স্কেল	:	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ৮৫০০-৮৯৩০-৯৩৮০-৯৮৫০-১০৩৫০-১০৮৭০-১১৪২০-১২০০০-১২৬০০-১৩২৩০-১৩৯০০-১৪৬০০-১৫৩৩০-১৬১০০-১৬৯১০-১৭৭৬০-১৮৬৫০-১৯৫৯০-২০৫৭০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
	ঘ) পদের সংখ্যা	:	০৩(তিন) টি (কম/বেশী হতে পারে)। তন্মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ০১ (এক)টি পদ। অবশিষ্ট ০২(দুই)টি পদের ক্ষেত্রে সকল কোটা প্রযোজ্য।
	ঙ) যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন	:	বরিশাল, জামালপুর, বালকাঠি, খুলনা ও নড়াইল জেলা ব্যতীত সকল জেলা। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতিন/নাতিনি এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৩।	<b>উভয় পদের ক্ষেত্রে বয়স (০৬/১০/২০১৯ তারিখে)</b>	:	ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত অন্যান্য ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর। খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

- ০৪। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ([e-recruitment.bb.org.bd](http://e-recruitment.bb.org.bd))-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ০৫। O' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট(Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।
- ০৬। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ০৮। Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।
- ০৯। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ১০। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৯ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১২। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- ১৫। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।
- ১৬। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(নূর-উন-নাহার)  
মহাব্যবস্থাপক